RURAL POWER COMPANY LTD.
ISO 9001:2008 Certified

NOT FOR SUBMISSION

# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

দরপত্রের নাম : গাজীপুর ১০৫মেগাওয়াট পাওয়ার প্ল্যান্ট এর মজুদ্‌কত লুব অয়েলের খালি ড্রাম (যেখানে যে অবস্থায় আছে) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়করণ।

দরপত্রের সূত্র : স্মারক নং: ২৭.২৬.৩[illegible]৩০.০১২.৯৯.২৪৫.২১. ৮৮৫
তারিখ: ২৪/১০/২০২২খ্রিঃ

প্যাকেজ নং : ০১

লট নং : ০২

মালামালের বিবরণ : লুব অয়েলের খালি ড্রাম

দরপত্র পদ্ধতি : উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)

অক্টোবর-২০২২

Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

NOT FOR SUBMISSION

# দরপত্র দলিল

স্মারক নং: ২৭.২৬.৩৩৩০.০১২.৯৯.২৪৫.২১. ৬৮৫ | তারিখ: ২৪/১০/২০২২খ্রিঃ

**ক) ভূমিকাঃ**

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর আওতাধীন গাজীপুর ১০৫ মেগাওয়াট পাওয়ার প্ল্যান্ট এর লুব অয়েল খালি ড্রাম (যেখানে যে অবস্থায় আছে) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| খ) | মালামালের বিবরন | | লুব অয়েলের খালি ড্রাম। |
| গ) | মালামালের পরিমাণ | | ১০০০ পিস। |
| ঘ) | মালামালের অবস্থান | : | আরপিসিএল- গাজীপুর ১০৫মেগাওয়াট পাওয়ার প্ল্যান্ট,কড্ডা গাজীপুর। |
| ঙ) | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের স্থান | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ হতে দরপত্র দলিল ক্রয় করতে পারবে। |
| চ) | নিলাম দরপত্র দলিল দাখিলের স্থান | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯,উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ হতে দরপত্র দলিল দাখিল করতে পারবে। |
| ছ) | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সীমা | : | আগ্রহী দরদাতাগণ বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মাধ্যমে নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত সিডিউলের মুল্য মোতাবেক টাকা আবেদনপত্র সহ জমা প্রদান সাপেক্ষে আগামী **০৮/১১/২০২২খ্রিঃ তারিখ, বিকাল:৫:০০ ঘটিকা পর্যন্ত** নির্ধারিত অফিস হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবে। |
| জ) | নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়সীমা | : | আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের ছক (সংযুক্তি-১) অনুযায়ী নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ বরাবর আগামী **০৯/১১/২০২২খ্রিঃ** তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে দরপত্র জমা প্রদান করবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। খামের উপরে নিলাম দরপত্র, প্যাকেজ নং, লট নং এবং বিদ্যুৎ কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। **"০৯/১১/২০২২খ্রিঃ বেলা: ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না"** এ নির্দেশনা লিখতে হবে। নির্ধারিত সময়ে ডাকযোগে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে। |
| ঝ) | নিলাম দরপত্র খোলার তারিখ ও সময়সীমা | : | নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত দরপত্র সমূহ আগামী **০৯/১১/২০২২খ্রিঃ** তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ তে উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে এবং পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক যথারীতি মূল্যায়ন করা হবে। |
| ঞ) | দরপত্র জামানত | : | দরপত্রের উদ্ধৃত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) টাকা 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। |

Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

**ঞ) দরপত্রের অন্যান্য শর্তাবলীঃ**

১) একজন দরদাতা একটি লটের বিপরীতে একাধিক দরপত্র দাখিল করতে পারবে না।

২) প্রতি পিস লুব অয়েলের খালি ড্রাম এর ন্যূনতম নিলাম মূল্য **ভ্যাট ও ট্যাক্স সহ ৬০০.০০ (ছয়শত)** টাকা। উক্ত মূল্যের কমে দরপত্র গ্রহণ করা হবে না।

৩) আগ্রহী দরদাতাগণ সিডিউল ক্রয় পূর্বক আগামী **০৮/১১/২০২২খ্রিঃ** পর্যন্ত প্রতি কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে আরপিসিএল-গাজীপুর ১০৫ মেগাওয়াট পাওয়ার প্ল্যান্ট, কড্ডা, গাজীপুর এ নিলামকৃত মালামাল সমূহ পরিদর্শন করতে পারবেন এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৪) আগ্রহী দরদাতাগণ অবশ্যই নিলামকৃত মালামালের অবস্থান, প্রকৃতি, ধরণ ইত্যাদি সম্বন্ধে অবগত হওয়ার পর মালামালের দর প্রদান করবেন। পরবর্তীতে মালামাল গ্রহণের সময় কোনরূপ অভিযোগ গ্রহণ করা হবে না।

৫) দরপত্রে কোন কাটা ছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য নয়। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। অংক এবং কথার মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে কথায় লিখিত দর মূল্যায়নের জন্য বিবেচ্য হবে।

৬) দরদাতা কর্তৃক দরপত্রে স্বাক্ষর করতে হবে এবং পূর্ণাঙ্গ ঠিকানা লিখতে হবে। অন্যথায় দরদাতার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৭) ব্যক্তি দরদাতার ক্ষেত্রে, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে, প্রয়োজনীয় কাগজ পত্র যেমন-(১) ট্রেড লাইসেন্স, (২) হাল নাগাদকৃত টিআইএন সার্টিফিকেট (৩) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত কপি দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে।

৮) উদ্ধৃত দর দরপত্র খোলার তারিখ হতে [illegible] (ষাট) দিন পর্যন্ত বলবৎ যোগ্য হবে।

৯) কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত হিসেবে প্রদত্ত অর্থ 'কার্য সম্পাদন জামানত' হিসেবে সংরক্ষিত থাকবে এবং প্ল্যান্ট থেকে কার্য সম্পাদন সনদ প্রাপ্তি সাপেক্ষে উক্ত জামানত ফেরৎ প্রদান করা হবে। অকৃতকার্য দরদাতার ক্ষেত্রে, কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত ফেরত প্রদান করা হবে।

১০) কৃতকার্য দরদাতাকে বিক্রয়াদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে মালামালের মূল্য রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করতঃ সর্বোচ্চ ১৫ (পনের) দিনের মধ্যে প্লান্ট থেকে মালামাল অপসারণ করতে হবে।

১১) মালামালের প্রকৃত পরিমাণ কম/বেশি হলে আনুপাতিক হারে (একক দরের ভিত্তিতে) মূল্য ফেরৎ প্রদান / অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হবে।

১২) বিক্রয়াদেশে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল অপসারণ করতে ব্যর্থ হলে [illegible] জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৩) মালামাল সংশ্লিষ্ট স্থান (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) হতে ইস্যু ভাউচার ও গেইট পাশের মাধ্যমে নিজস্ব পরিবহন ব্যবস্থায় নিজ দায়িত্বে পাওয়ার প্লান্ট কর্তৃপক্ষ হতে বুঝে নিতে হবে।

১৪) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫) কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষন করে।

NOT FOR SUBMISSION

নিলাম দরপত্র আহ্বানকারী

নামঃ মোঃ সেলিম ভূঁইয়া

পদবীঃ নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল

স্বাক্ষরঃ

তারিখঃ

নিলাম দরদাতা :

নামঃ

পদবীঃ

স্বাক্ষরঃ

তারিখঃ

Rural Power Company Ltd. House # 19, Road # 1/B, Sec # 9

সংযুক্তি-১

তারিখ:-----/-----/--------খ্রিঃ

## গাজীপুর ১০৫মেগাওয়াট পাওয়ার প্ল্যান্ট এর লুব অয়েলের খালি ড্রাম (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্ত দর দাখিলের ফরম

### প্যাকেজ নং:০১; লট নং:০২

| ক্রমিক নং | মালামালের নাম | পরিমান | একক | একক মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স সহ) | মোট মূল্য (টাকা) (ভ্যাট ও ট্যাক্স সহ) (কলাম:৩Xকলাম:৫) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | লুব অয়েলের খালি ড্রাম | পিস | ১০০০ | | |
| মালামালের মোট মূল্য | | | | অঙ্কে | |
| | | | | কথায় | |

*কৃতকার্য দরদাতাকে বর্তমান ভ্যাট এবং আয়করের হার যুক্ত করে দর দাখিল করতে হবে।

| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল : | |
|---|---|
| তারিখ: | |

NOT FOR SUBMISSION

Rural Power Company Ltd.
House #19, Road #1/B, Sec 9